

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(নার্সিং সেবা-১ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)



নং-৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-২৩৫

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

### প্রজ্ঞাপন

নার্স নিয়োগ পরীক্ষা, ২০১৮ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ৩০-০৪-২০২০ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২২৪.১৮(অংশ-১)-৫১ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন সিনিয়র স্টাফ নার্স পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো:

- ক. প্রার্থী বাংলাদেশের নাগরিক না হলে অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হলে অথবা বাংলাদেশের ডমিসাইল্ড (Domiciled) না হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;
- খ. তিনি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ/অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তাহলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;
- গ. বিধি অনুযায়ী এ সাময়িক নিয়োগ পরবর্তীতে স্বাস্থ্য পরীক্ষায় তিনি অনুপযুক্ত হলে অথবা স্বাস্থ্য পরীক্ষায় অনুপস্থিত থাকলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;
- ঘ. যথাযথ এজেন্সি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা তাঁর বিষয়ে বিরূপ মন্তব্য থাকলে অথবা তাঁর কর্তৃক অসত্য তথ্য উপস্থাপিত হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;
- ঙ. উপানুচ্ছেদ (ক), (খ), (গ) ও (ঘ) তে উল্লিখিত শর্ত পূরণসাপেক্ষে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তীতে তাঁর এ নিয়োগ নিয়মিত করা হবে;
- চ. তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেদিকে বিশেষায়িত (Specialized) হবে;
- ছ. তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- জ. নির্ধারিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপ্তি এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ীকরণ করা হবে;
- ঝ. তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;
- ঞ. তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তাহলে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারী এন্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ট. প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- ঠ. চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- ড. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক উল্লিখিত প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- ঢ. The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে;
- ণ. এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

ত. সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সকে COVID-19 এ আক্রান্ত রোগীর সেবা প্রদান করতে হবে। COVID-19 এ আক্রান্ত রোগীর সেবা প্রদানকালীন তাঁর কর্মদক্ষতা সন্তোষজনক কি না চাকরি স্থায়ীকরণের সময় তা বিবেচনা করা হবে।


২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ পূর্বাঙ্কে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ সাময়িক নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পদের নাম : সিনিয়র স্টাফ নার্স

নং	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১.	০০৫০১৫	সাবিত্রী পাল

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

 ০৭ ০৭ ২০২০  
(মোহাম্মদ নাসির উদ্দীন)

যুগ্মসচিব

ফোন: ৯৫৪৫৭৭৯

E-mail: [nurs1@hsd.gov.bd](mailto:nurs1@hsd.gov.bd)

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

নং-৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-২৩৫/১(৩২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, কাকরাইল, ঢাকা।
৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. পরিচালক/অধ্যক্ষ.....
১৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১৬. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট.....
১৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.....

১৮. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. উপজেলা/থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....
২০. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়.....
২১. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২২. জেলা পাবলিক হেলথ নার্স.....
২৩. জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....
২৪. পিএমআই সেল, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২৫. জনাব/বেগম.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(নার্সিং সেবা-১ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)



নং-৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-২৩৬

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

### প্রজ্ঞাপন

নার্স নিয়োগ পরীক্ষা, ২০১৮ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ৩০-০৪-২০২০ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২২৪.১৮(অংশ-১)-৫১ নং পত্রের সুপারিশ অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭-০৯-২০২০ তারিখের ৪৫.০০.০০০০০.১৭২.১১.০২০.১৯-২৩৬ নং প্রজ্ঞাপনমূলে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন সিনিয়র স্টাফ নার্স পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নব-নিয়োগপ্রাপ্ত নিয়মবর্ণিত নার্সিং কর্মকর্তাকে তীর নামের পার্শ্বে বর্ণিত হাসপাতালে পদায়ন করা হলোঃ


নং	রেজিঃ	নাম	নিজ জেলা	পদায়নকৃত কর্মস্থল
১.	০০৫০১৫	সাবিত্রী পাল	বাগেরহাট	খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা

### শর্তাবলীঃ

- নবনিয়োগপ্রাপ্ত এবং পদায়নকৃত কর্মকর্তাকে আগামী ২০-০৯-২০২০ তারিখ পূর্বাঙ্কে পদায়নকৃত কার্যালয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ওয়েবসাইটে প্রকাশিত যোগদান পত্রের নির্ধারিত নমুনা অনুসরণ করতে হবে;
- চাকরিতে যোগদানকৃত কর্মকর্তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্বাবর- অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে;
- নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সগণ যোগদানপত্রের নমুনা, পুলিশ ভেরিফিকেশন ফর্ম, PMIS ফর্ম, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইট থেকে সংগ্রহপূর্বক পূরণ করে এবং সম্পদ বিবরণী সংক্রান্ত ফর্ম ইত্যাদি প্রস্তুত করে জমা দিবেন।
- নিয়োগপ্রাপ্ত নার্সিং কর্মকর্তা কর্তৃপক্ষের নির্দেশমতো কোভিড-১৯ হাসপাতাল প্রতিষ্ঠানসমূহে দায়িত্ব পালন করবেন।
- মুদ্রনজনিত কোন ভুলত্রুটি হলে পরবর্তীতে তা সংশোধন করা হবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোহাম্মদ নাসির উদ্দীন)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৪৫৭৭৯  
E-mail: [nurs1@hwd.gov.bd](mailto:nurs1@hwd.gov.bd)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক/অধ্যক্ষ.....
৯. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট.....
১১. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক.....
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. উপজেলা/থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....
১৫. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়.....
১৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৭. সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক.....
১৮. জেলা পাবলিক হেলথ নার্স.....
১৯. জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....
২০. জনাব/বেগম.....